বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
মানিলন্ডারিং প্রতিরোধ সেল

dcamlco@krishibank.org.bd
Phone: 02-47120513


বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালন/ বাস্তবায়নের লক্ষ্যে AML/CFT সম্পর্কিত অত্র ব্যাংক কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভা ১৩-১০-২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO), মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) জনাব মোঃ দিদারুল ইসলাম মজুমদার মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্য/ নির্বাহীগণ উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/ কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ দিদারুল ইসলাম মজুমদার | মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আকতার হোসেন | উপমহাব্যবস্থাপক , ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ ও উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য |
| ০৩ | জনাব খান তামজিদ আহমেদ | উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | উপমহাব্যবস্থাপক , ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৬ | জনাব জামিল হোসেন | সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে), শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব মোঃ ফরিদ হাসান | সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৮ | জনাব মোঃ তানভীর আহমেদ | সহকারী মহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব মাহফুজা শামীম | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১০ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | মুখ্য কর্মকর্তা, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি,প্রকা, ঢাকা। | সদস্য |
| ১১ | জনাব জান্নাতআরা ফেরদৌস | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য- সচিব |

সভার শুরুতে বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটির (**CCC**) এর সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে *সভা শুরু করেন। মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ একটি অত্যন্ত* গুরুত্বপূর্ণ ও আলোচিত বিষয় হিসাবে উল্লেখ করেন। সেই সাথে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোর উপর AML/CFT বিষয়ক বিভিন্ন ধরণের নির্দেশনাসমূহ যথাসময়ে যথাযথভাবে সম্পন্ন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

পরবর্তীতে গত ১১-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় পরিপালন কমিটির (**CCC**) ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন/ অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয় এবং পরবর্তীতে সভায় আলোচ্যসূচি ভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

০২। **AML System Check / প্রশিক্ষণ সংক্রান্ত ঃ**

অত্র ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগসমূহ ও বিকেবি ষ্টাফ কলেজ কর্তৃক ব্যাংকের কর্মকর্তা/ কর্মচারীদের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক আরও বেশি বেশি কার্যকর প্রশিক্ষন প্রদান এর কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ /হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২, বিকেবি, প্রকা ঢাকা ও বিকেবি ষ্টাফ কলেজ ।)

০৩। **CTR প্রেরণ সংক্রান্ত ঃ**

(ক) বর্তমানে goAML ওয়েবসাইটে Online এ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে CTR বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হচ্ছে। তবে CTR প্রেরনের প্রক্রিয়াকে আরও সহজতর করার অংশ হিসেবে শাখাসমূহ যাতে ব্যাংকের CBS থেকে সরাসরি সিটিআর বাংলাদেশ ব্যাংকের goAML ওয়েব-সাইটে আপলোড করতে পারে সে বিষয়ে সকল প্রকার কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য ইতোমধ্যে এ বিষয়ক গঠিত কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়।

(কার্যকরণঃ লোকাল প্রিন্সিপাল অফিস ও কমিটি সংশ্লিষ্ট বিভাগসমূহ, বিকেবি, প্রকা, ঢাকা।)

০৪। **STR/ SAR সংক্রান্ত ঃ**

শাখাসমূহ যাতে গ্রাহকদের সন্দেহজনক লেনদেন/কার্যকলাপ (STR/SAR) পর্যালোচনা ও সনাক্তকরণ এবং এ বিষয়ক প্রতিবেদন প্রেরনের বিষয়ে আরও যত্নশীল হয় সে ব্যাপারে শাখা পর্যায়ে আরও কার্যকরী পদক্ষেপ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(কার্যকরণঃ সকল শাখা ব্যবস্থাপক ও BAMLCO, বিকেবি)

০৫। লেনদেন মনিটরিং সংক্রান্ত ঃ

হিসাব খোলার ফরমে প্রদত্ত টিপি ও কেওয়াইসির সাথে সংগতিপূর্ণ রেখে গ্রাহকের লেনদেন যাতে সংগঠিত হয় সে ব্যাপারে প্রয়োজনীয় মনিটরিং এবং সচেতনতা বজায় রাখার জন্য শাখা পর্যায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সাথে CTR প্রেরনের প্রক্রিয়াকে আরও সহজতর করার অংশ হিসেবে শাখাসমূহ যাতে ব্যাংকের CBS থেকে সরাসরি সিটিআর বাংলাদেশ ব্যাংকের goAML ওয়েব-সাইটে আপলোড করতে পারে সেজন্য ১০(দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব লেনদেনের ক্ষেত্রে তৎক্ষনাৎ গ্রাহকের CIF পূরন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদনের বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।

(কার্যকরণ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ/ সকল শাখা ব্যবস্থাপক ও BAMLCO, বিকেবি)

০৬। হিসাব খোলার ফরম সংক্রান্ত ঃ

গ্রাহক কর্তৃক হিসাব খোলার প্রাক্কালে যাতে ফরমে উল্লেখিত সকল তথ্যাদি সম্পূর্ণরূপে সংগ্রহ করা হয় সে বিষয়েও কার্যকরী উদ্যোগ গ্রহন করতে হবে। সেই সাথে পুরাতন সকল সচল হিসাবসমূহের Mandatory যে সকল Field খালী আছে তা অতি দ্রত যথাযথভাবে পূরন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

( কার্যকরণঃ সকল শাখা ব্যবস্থাপক বিকেবি ।)

০৭। বিবিধঃ

ক ) Sanction Screening সংক্রান্ত ঃ

সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ শাখায় UN Security council resolution এর আওতায় sanction list Screening এর ক্ষেত্রে দেশীয় সন্ত্রাসীদের তালিকা CBS এ অর্ন্তভূক্তকরনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) লেনদেনের সময় সংগঠিত structuring সংক্রান্ত ঃ

সন্দেহজনক লেনদেন (Suspicious Transaction Report-STR) সনাক্তকরন এর সহায়ক System হিসেবে CBS (Core Banking System) এ সংযুক্ত STR DETECTION FORMAT এ শাখায় লেনদেনের সময় সংগঠিত structuring বিষয়ক প্যারামিটার সংযুক্তকরনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

( কার্যকরণঃ আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।)

CCC কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশ গ্রহণে সভাটি অত্যন্ত প্রাণবন্ত ও ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে CCC এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২০২১

(মোঃ দিদারুল ইসলাম মজুমদার)
মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২১-২০২২/১২০৯ তারিখ ঃ ১৯-১০-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করাহলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

(মোঃ আকতার হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)